ISO 9001:2015

# বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১
BARISHAL PALLI BIDYUT SAMITY-1

জেনারেল ম্যানেজারের কার্যালয়
বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১
রূপাতলী,বরিশাল।
E-Mail:bapbs1@gmail.com
Web Site: www.pbs1.barisal.gov.bd

স্মারক নং-২৭.১২.০৬৫১.৫৩৯.০১.০৩৮.২৫. ৪৫০৭

তারিখ ১৫ বৈশাখ', ১৪৩২ বঙ্গাব্দ
২৮ এপ্রিল, ২০২৫ খ্রীষ্টাব্দ

বিষয় ঃ- **পিকআপ গাড়ী ও জীপ গাড়ীর কমপ্রিহেনসিভ বীমা করনের লক্ষ্যে বীমা প্রিমিয়ামের (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি।**

উল্লেখিত বিষয়ে জানানো যাইতেছে যে, অত্র সমিতির নিম্ন বর্নিত ০২ টি পিক আপ ও ০১টি জীপ গাড়ীর আগামী এক বছর সময়ের জন্য কমপ্রিহেনসিভ বীমা করার নিমিত্তে নিম্নে বর্ণিত বিবরন অনুযায়ী দরপত্র আহ্বান করা যাচ্ছে।

বিবরনঃ

| ক্রঃ নং | পিক আপ /জীপ গাড়ী নং | বীমার মেয়াদ শেষ হবে | পিক আপ গাড়ী ও জীপ গাড়ীর ক্রয় মূল্য | দাখিলকৃত একক প্রিমিয়াম মূল্য | মোট প্রিমিয়াম মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | Barisal-Tha-11-0003 | মে/২৫ খ্রিঃ মাসে শেষ হবে। | ৪৭,২৮,৫৯৫/- | | |
| ০২ | Barisal-Tha-11-0015 | | ৫৭,৩২,৩৫৬/- | | |
| ০৩ | Barisal-Metro-Gha-11-0014 | | ১,০০৪৭,৬৩৪/- | | |

শর্তাবলীঃ

**নিম্নের শর্তাবলী ভালভাবে পড়ে বুঝে দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো:**

০১। আগ্রহী প্রতিষ্ঠান কে সরাসরি উপস্থিত থেকে আগামী ০৫/০৫/২৫ খ্রিঃ তারিখ বেলা ১২ঃ০০ ঘটিকায় সীল মোহরকৃত দরপত্র বরিশাল পবিস-১, রূপাতলী, বরিশাল এ দাখিল করতে হবে। ডাকযোগে/কুরিয়ারযোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্র সমূহ একই দিনে অর্থাৎ ০৫/০৫/২৫ খ্রিঃ তাং বেলা ১২ঃ০৫ ঘটিকায় খোলা হবে।নির্ধারিত তারিখের পর কোন দরপত্র গ্রহন করা হবে না।

০২। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা,২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৬০(ষাট) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্নের তারিখে প্রাপ্ত কোটেশন নির্ধারিত সময়ের পূর্বে প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না। যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত্ত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব ধরনের কর, শুল্ক ও আবগারী এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভূক্ত থাকবে। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত দর যদি গৃহীত হয় , তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

৩। কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরুপ বৈধ ট্রেড লাইসেন্স রেজিষ্ট্রেশন, টিআইএন নম্বর ও কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সনদ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রনকারী অথবা বাংলাদেশ বীমা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্সের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহনযোগ্য বলে বিবেচিত হতে পারে।

৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য মূল্যায়িত গ্রহনযোগ্য কোটেশন নির্ধানের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গাতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গাতির ক্ষেত্রে উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্নিত গানিতিক সংশোধন গ্রহনে কোটেশনদাতা বাধ্য থাকবে। বীমার ধরন হবে কম্প্রিহেনসিভ (সকল প্রকার ঝুঁকি বীমা)। কোন প্রকার ঝুঁকি বাদ দিয়ে দর দাখিল করা যাবে না। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১৫ (পনের) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে। ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জারী করতে হবে।

ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষন হবে।

০৫। দরপত্রের খামের উপর " সকল প্রকার ঝুঁকি (Comprehensive) গ্রহণ পূর্বক যানবাহন বীমা করার দরপত্র" কথাটি লিখতে হবে এবং ০৫/০৫/২৫খ্রিঃ তারিখ বেলা ১২:০৫ ঘটিকার আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে খামে স্বাক্ষর সীলমোহর প্রদান পূর্বক সীলগালা করে উপরের ছক অনুযায়ী দর দাখিল করতে হবে।

০৬। Bangladesh Motor Tariff Rules অনুযায়ী private Use বিবেচনায় দর দাখিল করতে হবে। private Use বিবেচনায় প্রিমিয়ার এর ক্ষেত্রে Basic,FIV,Act Liability premium, NCB (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বীমার মেয়াদ হবে ০১ বছর।

০৭। বর্ণিত যানবাহন সমূহ ইন্সুরেন্স করার ক্ষেত্রে সকল প্রকার ঝুকি ঝুঁকি (Comprehensive) গ্রহন করতে হবে। সেক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি অবশ্যই অন্তর্ভূক্ত থাকতে হবে।

ক) যে কোন ধরনের চুরি।

খ) যে কোন ধরনের দূর্ঘটনায় সংঘটিত ক্ষতি।

গ) যে কোন ধরনের সন্ত্রাসী কার্যকলাপের ফলে সংঘটিত ক্ষতি।

ঘ) ভুমিকম্পের ফলে সংঘটিত ক্ষতি।

ঙ) বন্যা সাইক্লোনসহ যে কোন ধরনের প্রাকৃতিক দূর্যোগের ফলে সংঘটিত ক্ষতি।

চ) যে কোন ধরনের অগ্নিকান্ডের ফলে সংঘটিত ক্ষতি।

ছ) ড্রাইভার, যাত্রী, পথচারী, দোকানপাট ইত্যাদির ক্ষতি সাধন অর্থাৎ ৩য় পক্ষীয় সকল প্রকার ক্ষতি।

০৮। সন্তোষজনক কার্যসম্পাদনের পর বিল দাখিল সাপেক্ষে নিয়মানুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল প্রদান করা হবে।

০৯। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে বীমা কাজ সম্পাদন করতে হবে।

১০। বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

১১। বাংলাদেশ সরকারের বীমা অথোরিটি কর্তৃক কম্প্রীহেনসিভ বীমা সম্পাদনের হালনাগাদ অনুমতি পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১২। কম্প্রীহেনসিভ বীমা সম্পাদনের ক্ষেত্রে যানবাহনের যাবতীয় রিক্স কভারেজ দিতে হবে।

১৩। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে সমিতি ব্যবস্থাপনার সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(প্রকৌঃ মোঃ রফিকুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (সদয় অবগতি ও স্ব স্ব নোটিশ বোর্ডে ব্যাপক প্রচারের জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, বরিশাল।

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার---------------১/২/৩/৪।

০৫। নির্বাহী প্রকৌশলী, বরিশাল প্রকল্প বিভাগ, বাপবিবো, বরিশাল।

০৬। ডিজিএম, মুলাদী/বাকেরগঞ্জ/মেহেন্দীগঞ্জ জোনাল অফিস, বপবিস-১।

০৭। ডিজিএম (কারিগরী-সদর দপ্তর), বপবিস-১।

০৮। সকল বিভাগীয় প্রধান, বপবিস-১।

০৯। এজিএম (আইটি), বপবিস-১। (বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট-এ আপলোড করার নির্দেশসহ)

১০। মের্সাস ------------------------------------------------------------।

১১। নোটিশ বোর্ড, বপবিস-১।

(প্রকৌঃ মোঃ রফিকুল ইসলাম)
জেনারেল ম্যানেজার